B.A./3rd Sem (H)/BENG/22(CBCS)

# 2022

# 3rd Semester Examination

# BENGALI (Honours)

## Paper : SEC 1-T

## [CBCS]

Full Marks : 40 Time : Two Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## [ বাংলা ব্যাকরণ ও অনুবাদতত্ত্ব ]

## বিভাগ - ক

যেকোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। সন্ধিবিচ্ছেদ করো : শরচ্চন্দ্র, গবাক্ষ।

২। সমাস নির্ণয় করো : দেবদত্ত, আপাদমস্তক।

৩। এককথায় প্রকাশ করো : রাত্রিকালীন যুদ্ধ, নাভি পর্যন্ত লম্বিত হার।

৪। বাক্যে প্রয়োগ করো : কাটা ঘায়ে নুনের ছিটা, অতি ভক্তি চোরের লক্ষণ।

৫। ব্যাসবাক্য বলতে কী বোঝ?

P.T.O.

৬। বিদেশি প্রত্যয় সহযোগে দুটি শব্দ গঠন করো।

৭। প্রত্যয় নির্ণয় করো : জগৎ, নীলিমা।

৮। সন্ধি ও সমাসের পার্থক্য লেখো।

## বিভাগ - খ

যেকোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। বিজ্ঞানের পরিভাষা নির্মাণের সমস্যাগুলি লেখো।

১০। ছেদ ও যতির পার্থক্য লেখো।

১১। টীকা লেখো : ভাবানুবাদ

১২। বিসর্গ সন্ধির নিয়মগুলি লেখো। বিসর্গসন্ধি কত প্রকার? প্রত্যেক প্রকারের একটি করে উদাহরণ দাও।

১৩। উদাহরণ সহযোগে উপমান কর্মধারয় ও উপমিত কর্মধারয় সমাস আলোচনা করো।

১৪। অনুবাদ কর্মে অনুবাদকের কোন্ কোন্ দিকে গুরুত্ব দেওয়া প্রয়োজন।

## বিভাগ - গ

যেকোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

১৫। স্বরসন্ধির যে-কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ আলোচনা করো।

১৬। অনুবাদের ক্ষেত্রে কোন্ কোন্ সমস্যা দেখা দেয়? এ বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

---

**অথবা**

## [ লিখন দক্ষতা বৃদ্ধি ]

### বিভাগ - ক

যেকোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। বানান সংশোধন করো : প্রতিজোগীতা, সমিচিন।

২। বিজ্ঞাপনের খসড়া রচনার প্রয়োজনীয়তা লেখো।

৩। বাংলা বানান বিধি রচনায় অগ্রণী দুটি প্রতিষ্ঠানের নাম লেখো।

৪। দুটি শব্দ পরস্পর জুড়ে গেলে তাদের বিচ্ছিন্ন করতে প্রফু সংশোধনের সময় কী চিহ্ন ব্যবহার হয়, উদাহরণ দিয়ে দেখাও।

৫। প্রুফ সংশোধন করো : মহাবারত, রবীন্দ্র নাথ।

৬। প. ব. বাংলা অকাদেমির নির্দেশ অনুসারে বিদেশি শব্দের ক্ষেত্রে ঋ-কার ব্যবহারের বিধি লেখো।

৭। সংবাদপত্রে প্রতিবেদন রচনায় সংবাদদাতার নাম, সাল, তারিখ ব্যবহার কীভাবে করতে হয়?

৮। অফিসিয়াল পত্রে পত্র প্রেরকের পরিচয় কোথায় ও কীভাবে লিখতে হয়?

### বিভাগ - খ

যেকোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। ভাব সম্প্রসারণ করো :
পথের প্রান্তে আমার তীর্থ নয়,
পথের দুধারে আছে মোর দেবালয়।

১০। প্রফু-সংশোধনের সময় ব্যবহৃত যে কোন পাঁচটি চিহ্নের প্রয়োগ বিষয়ে উদাহরণসহ আলোচনা করো।

১১। এলাকায় পানীয় জলের সমস্যার কথা জানিয়ে স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধানকে একটি দরখাস্ত লেখো।

১২। সংবাদ পত্রে প্রতিবেদন রচনার ক্ষেত্রে শিরোনাম লেখার নিয়মগুলি আলোচনা করো।

১৩। একটি বইয়ের দোকানের বিজ্ঞাপন প্রদানের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো।

১৪। ভাবার্থ লেখো :

বহুদিন ধ'রে বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়াছি পর্বতমালা,
দেখিতে গিয়াছি সিন্ধু।

দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শিষের উপর
একটি শিশিরবিন্দু।

## বিভাগ - গ

যেকোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

১৫। বাংলা ভাষার কাজে কম্পিউটার শিক্ষার গুরুত্ব আলোচনা করো।

১৬। অতিবর্ষণে তোমার এলাকা জলমগ্ন — উক্ত সংবাদটি সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

V-3/89 - 5600